

এন এম জিয়াউল আলম পিএএ

সিনিয়র সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোন: +৮৮ ০২ ৪১০২৪০৩১

ই-মেইল: secretary@ictd.gov.bd



উপানুষ্ঠানিক পত্র নম্বর: ৫৬.০০.০০০০.০০৬.৯৯.০০৩.১৯-৩৪৫

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৭
১৮ জুন ২০২০

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা নিবেন। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে (কোভিড-১৯) আপনার সম্মিলিত প্রচেষ্টা অত্যন্ত প্রশংসনীয়। আপনি নিশ্চয়ই অবগত রয়েছেন যে, টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য ডিজিটাল সংযোগ স্থাপন, নাগরিক সেবা সহজিকরণ, উদ্ভাবনী উদ্যোগে সহযোগিতা প্রদান ও দেশব্যাপী হাই-টেক পার্ক নির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নানামুখী কার্যক্রম পরিচালনায় নিরলস কাজ করে যাচ্ছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও এটুআই-এর সহযোগিতায় বর্তমান করোনা (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় ৬৪টি জেলার ডিজিটাল কার্যক্রমকে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের লক্ষ্যে অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল মেলা-২০২০ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনার জেলার স্থানীয় পর্যায়ের বিভিন্ন ডিজিটাল কার্যক্রমের টেক্সট/প্রেজেন্টেশন, ছবি, ভিডিও এবং প্রয়োজনীয় তথ্য জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার মাধ্যমে এই মেলার কার্যক্রম উদ্ব্যাপন করা হবে। অনলাইন মেলা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২১ জুন ২০২০ এর মধ্যে জাতীয় তথ্য বাতায়নে মেলার জন্য অপশন তৈরির পাশাপাশি আগামী ২৩ জুন ২০২০ এর মধ্যে জেলা পর্যায়ের সকল ডিজিটাল কার্যক্রম সম্পর্কিত তথ্য আপলোড করার প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। এছাড়া, মুজিববর্ষ উদ্ব্যাপনের অংশ হিসেবে এ অনলাইন প্ল্যাটফর্মে 'মুজিব কর্ণার' নামে একটি প্যাভিলিয়ন তৈরি করতে হবে। উল্লেখ্য যে, আগামী ২৭ জুন থেকে ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে অনলাইন-ভিত্তিক ডিজিটাল মেলা-২০২০ উদ্ব্যাপন করার সময়সীমা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে অনলাইন-ভিত্তিক ডিজিটাল মেলা-২০২০ উদ্ব্যাপন বিষয়ক একটি বিস্তারিত গাইডলাইন আপনার বরাবরে প্রেরণ করা হচ্ছে এবং ডিজিটাল মেলা-২০২০ আয়োজন সংক্রান্ত ব্যয় আইসিটি বিভাগ হতে নির্বাহ করা হবে।

ডিজিটাল মেলা-২০২০ উদ্ব্যাপনের লক্ষ্যে প্রণীত গাইডলাইন অনুযায়ী বিভিন্ন কার্যক্রমকে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সরকারি কর্মকর্তা/কর্মচারি, জনপ্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি, স্কুল/কলেজের শিক্ষকবৃন্দ, আইসিটি ব্যক্তিত্ব/উদ্যোক্তাসহ স্থানীয় গণমাধ্যম কর্মীদের সম্পৃক্ততায় অনলাইন প্ল্যাটফর্মে প্রেস রিফ্রিং, প্রচার এবং বিষয়ভিত্তিক সেমিনারের আয়োজন এবং ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১১ বছরের অর্জন সম্পর্কিত কার্যক্রমসমূহ, প্রযুক্তিগত উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি ব্যানার/পোস্টার-এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

সর্বোপরি, কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি প্রতিপালনকরতঃ অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল মেলা-২০২০ সফলভাবে আয়োজনের জন্য আপনার সক্রিয় অংশগ্রহণ ও ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

সংযুক্তি: ডিজিটাল মেলা-২০২০ গাইডলাইন।

আন্তরিকভাবে আপনার

এন এম জিয়াউল আলম পিএএ

জেলা প্রশাসক (সকল)